অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/21/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

জলবায়ু পরিবর্তন মোকাবেলায় যুক্তরাষ্ট্রে জারি কৃত নবায়নযোগ্য শক্তির জন্য বৃহত্তম সম্মিলিত আবেদনের ঘোষণা দিয়েছেন গভর্নর কুওমো

জাতির নেতৃস্থানীয় অফশোর উইন্ড সলিসিটেশন 2,500 মেগাওয়াট পর্যন্ত নবায়নযোগ্য শক্তি এবং একটি সম্পূরক মাল্টি-পোর্ট অবকাঠামো বিনিয়োগ চাচ্ছে, যা গত বছর থেকে নিউ ইয়র্কে বন্দর অবকাঠামোর জন্য সরকারি ও বেসরকারি ডলারে 400 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি; এবং উন্নত উপাদানের জন্য একটি "বাই-ক্লিন" চাহিদা সংকেত প্রেরণ করে

গভর্নর এছাড়াও ভূমি ভিত্তিক 1,500 মেগাওয়াট পরিচ্ছন্ন শক্তি ক্ষমতাসম্পন্ন নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য সমন্বিত আবেদন ঘোষণা করেছেন যা 20 বছরের জন্য নিউ ইয়র্কের অর্ধ মিলিয়ন বাড়ির বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট

এছাড়াও বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি উন্নয়নের জন্য "বিল্ড-রেডি" সাইট চিহ্নিত করার জন্য স্থানীয় সম্প্রদায়ের সাথে কাজ করার একটি প্রক্রিয়া চালু করেছেন - ত্বরান্বিত নবায়নযোগ্য শক্তি বৃদ্ধি এবং কমিউনিটি বেনিফিট আইনের অধীনে পরিচ্ছন্ন শক্তি সম্পদ উন্নয়ন এবং প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ পরবর্তী পদক্ষেপ

চলমান COVID-19 মহামারীর মধ্যে, 4,000 মেগাওয়াট পরিচ্ছন্ন শক্তি উন্নয়ন প্রকল্প প্রত্যক্ষ বিনিয়োগে প্রায় 7 বিলিয়ন ডলার উৎসাহিত করবে এবং প্রায় 4,500 ভালো বেতনের স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থান সৃষ্টি করবে বলে আশা করা হচ্ছে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির পুনরায় খোলা এবং ঢেলে সাজানোর অংশ হিসেবে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ যুক্তরাষ্ট্রে জারি করা বৃহত্তম সম্মিলিত পরিচ্ছন্ন জ্বালানী আবেদনের কথা ঘোষণা করেছেন। তিনি জলবায়ু পরিবর্তন মোকাবেলায় 4,000 মেগাওয়াট পর্যন্ত নবায়নযোগ্য ক্ষমতা চেয়েছেন। নিউ ইয়র্কের দ্বিতীয় অফশোর উইন্ড সলিসিটেশন 2,500 মেগাওয়াট পর্যন্ত প্রকল্প চায়, যা দেশের ইতিহাসে বৃহত্তম, গত বছরের আবেদন ছাড়াও, যার ফলে প্রায় 1,700 মেগাওয়াট পুরস্কৃত হয়েছে। এই আবেদনের মধ্যে রয়েছে অফশোর উইন্ড জেনারেটরের জন্য একটি বহু-বন্দর কৌশল এবং প্রয়োজনীয়তা যার ফলে, ব্যবস্থাপনা, নির্মাণ, মূল উপাদান উৎপাদন, অথবা অপারেশন এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রমের সমন্বয় সাধন করতে নিউ ইয়র্কের 11টি পূর্ব-নির্ধারিত বন্দরের যে

কোন একটির সাথে অংশীদারিত্ব করতে হবে। এই আবেদন নিউ ইয়র্ক স্টেটকে 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর উইন্ড লক্ষ্যমাত্রার অর্ধেকের দিকে নিয়ে যাবে এবং জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষ আইনের অধীনে গভর্নর কুওমোর দেশের নেতৃস্থানীয় জলবায়ু ও পরিবেশ লক্ষ্যমাত্রা পূরণ করবে। বন্দর বিনিয়োগের জন্য তহবিল সরকারি এবং বেসরকারি উভয় তহবিলে 400 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত হবে।

"নিউ ইয়র্কের মুখোমুখি হওয়া এখন পর্যন্ত সবচেয়ে চ্যালেঞ্জিং বছরগুলোর একটিতে, আমরা আমাদের জাতির নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা বাস্তবায়ন এবং আমাদের পরিচ্ছন্ন জ্বালানী অর্থনীতি প্রয়োগে মনোযোগ প্রদান করছি, শুধুমাত্র স্টেটে উল্লেখযোগ্য অর্থনৈতিক সুবিধা এবং কর্মসংস্থান আনার জন্য নয়, বরং নির্গমন কমানোর মাধ্যমে দ্রুত জলবায়ু পরিবর্তনের মূলকে আক্রমণ করার জন্য," **গভর্নর কুওমো বলেন।** "নবায়নযোগ্য শক্তি এবং নতুন বন্দর অবকাঠামোর জন্য এই রেকর্ড ভাঙ্গার আবেদনের মাধ্যমে নিউ ইয়র্ক দেশের সবচেয়ে উচ্চাভিলাষী সবুজ নতুন চুক্তির মাধ্যমে নেতৃত্ব প্রদান করে যাচ্ছে, যা পরিষ্কার, নবায়নযোগ্য শক্তির উৎস দ্বারা ভবিষ্যত গঠনে ইন্ধন যোগায়।"

অফশোর উইন্ড সলিসিটেশন ছাড়াও, গভর্নর স্টেটের উচ্চাভিলাষী ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডের অধীনে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) কর্তৃক ভূমি ভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য দেশের বৃহত্তম সমন্বিত আবেদন ইস্যু করার ঘোষণা দিয়েছেন। একসাথে, NYSERDA এবং NYPA-এর সম্মিলিত আবেদন গুলো 1,500 মেগাওয়াটের বেশি পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তির ব্যবস্থা করতে চায়, যা প্রায় 500,000 বাড়িকে বিদ্যুৎ সুবিধা দেওয়ার জন্য যথেষ্ট। বাজেটে পাশ হওয়া যুগান্তকারী আইনের অধীনে প্রযোজ্য ভূমি ভিত্তিক প্রকল্পগুলো নবায়নযোগ্য জ্বালানি সাইটে দ্রুত গতিতে পরিণত করতে দ্রুত নির্মাণ শুরু হবে পাশপাশি নিশ্চিত করা হবে যেন প্রকল্পের উন্নতি দায়িত্বশীলভাবেএবং দ্রুত করা হয় যাতে স্টেট এর CLCPA আইন মেনে চলতে পারে।

চলমান COVID-19 মহামারীর মধ্যে, একটি প্রতিযোগিতামূলক বহু-বন্দর তহবিল সুযোগের সঙ্গে সম্মিলিতভাবে আবেদনটি সরাসরি বিনিয়োগ প্রায় 7 বিলিয়ন মার্কিন ডলার উৎসাহিত করবে এবং প্রায় 4,500 ভালো বেতনের স্বল্প এবং দীর্ঘমেয়াদী কর্মসংস্থান তৈরি করতে সাহায্য করবে বলে আশা করা হচ্ছে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির পুনরায় খোলা এবং ঢেলে সাজানোর অংশ হিসেবে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এই আবেদনগুলো পরিবেশ গত ন্যায়বিচার এলাকায় নিয়োগ এবং স্টেটের নতুন জলবায়ু আইনের সাথে সামঞ্জস্য রেখে অনগ্রসর সম্প্রদায়ের সুবিধাকে অগ্রাধিকার দেয়। এই আবেদন ভবিষ্যতে বড় মাপের নবায়নযোগ্য প্রকল্পের কার্বন ফুট প্রিন্ট কমাতে উন্নত উপাদান, যেমন কার্বন-নেগেটিভ সিমেন্ট, এবং অন্যান্য কৌশল ব্যবহারের জন্য বাজারের প্রতি একটি পরিষ্কার বাই-ক্লিন চাহিদা সংকেত পাঠায়। এই ঘোষণা, প্রণীত বাজেটে গুরুত্বপূর্ণ সাইট সংস্কারের সাথে, 2030 সালের মধ্যে নবায়নযোগ্য শক্তি থেকে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ সুরক্ষিত করতে নিউ ইয়র্ক স্টেটের বিধিমালা অর্জনের লক্ষ্যে ব্যাপক অগ্রগতি প্রদর্শন করে।

সব মিলিয়ে, অফশোর উইন্ড, বন্দর অবকাঠামো, এবং ভূমি ভিত্তিক নবায়নযোগ্য শক্তির ত্রিমুখী প্রকল্প প্রায় 12 মিলিয়ন মেগাওয়াট-আওয়ার শক্তির ব্যবস্থা করতে চায়, যা বার্ষিক ভিত্তিতে 1.5 মিলিয়ন বাড়ির বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট। কার্বন নিঃসরণ এড়ানোর মূল্য বিবেচনা করার সাথে হিসাব করলে, এই আবেদনগুলো প্রকল্পের 20 থেকে 25 বছরের জীবনে সম্মিলিত ভাবে 3 বিলিয়ন মার্কিন ডলার নিট সুবিধা প্রদান করবে বলে আশা করা হচ্ছে।

প্রাক-COVID জাতীয় কর্মী প্রবৃদ্ধি হার প্রায় দ্বিগুণ হারে অতিক্রম করে পরিচ্ছন্ন শক্তি শিল্প একটি শক্তিশালী অর্থনৈতিক চালক হিসেবে প্রমাণিত হয়েছে, এবং স্থানীয় অর্থনীতিকে পুনরায় খোলার পর মহামারীর প্রভাব থেকে ফিরে আসতে সাহায্য করার জন্য সংক্ষিপ্ত এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সম্মিলিত অফশোর বায়ু এবং বন্দর আবেদন স্টেটের প্রথম দুই অফশোর বায়ু প্রকল্প - এম্পায়ার উইন্ড এবং সানরাইজ উইন্ড - যা মার্কিন ইতিহাসে একক বৃহত্তম নবায়নযোগ্য শক্তি ব্যবস্থাপনার প্রতিনিধিত্ব করে, প্রায় 1,700 মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এবং 1 মিলিয়ন বাড়ির জন্য যথেষ্ট শক্তি তৈরি করবে। লক্ষণীয়, এই আবেদন একটি উদ্ভাবনী সরকারি/বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে স্টেটের ক্রমবর্ধমান অফশোর বায়ু শিল্পকে সামগ্রিকভাবে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক বন্দরে বিনিয়োগের সাথে অফশোর বায়ু উৎপাদন সমন্বয় করে এমন প্রকল্পের নিলাম গ্রহণ করবে।

স্টেটের ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডের অধীনে ক্রয়ের একটি সিরিজের অংশ হিসেবে রাষ্ট্রের সমন্বিত ভূমি ভিত্তিক নবায়নযোগ্য শক্তি আবেদন ইস্যু করা আগামী দশকে ডজন খানেক নতুন বড় মাপের নবায়নযোগ্য প্রকল্পের উন্নয়ন ঘটবে বলে আশা করা হচ্ছে। নিউ ইয়র্ক 2018 সাল থেকে 67টি বৃহৎ মাপের নবায়নযোগ্য শক্তি প্রকল্প পুরস্কৃত করেছে - যা জাতির নবায়নযোগ্য শক্তির প্রতি সবচেয়ে গুরুত্বপূর্ণ স্টেটের অঙ্গীকার। গত বছরে ঘোষিত অফশোর উইন্ডের সাথে নিউ ইয়র্কের রেকর্ড ভাঙ্গা প্রতিশ্রুতির সঙ্গে সম্মিলিতভাবে এই পূর্ব ঘোষিত ভূমিভিত্তিক নবায়নযোগ্য প্রকল্প 2030 সালে স্টেটের প্রত্যাশিত বিদ্যুতের চাহিদার 11 শতাংশের উপর উৎপাদন করতে সক্ষম হবে।

NYSERDA এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "যখন গভর্নর কুওমো এবং স্টেট নিউ ইয়র্কের অর্থনীতিকে নিরাপদে পুনরায় খোলার জন্য কঠোর পরিশ্রম করছে, তখন এই সব কার্যক্রম শুরু করার জন্য পরিচ্ছন্ন শক্তি একটি সর্বোত্তম হাতিয়ার। আমাদের দ্বিতীয় অফশোর বায়ু আবেদন স্টেটের বন্দর অবকাঠামোর এই ঐতিহাসিক বিনিয়োগের সাথে মিলিত হয়ে নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক আমাদের জাতির নেতৃস্থানীয় অফশোর বায়ু অনুসন্ধানে নেতৃ স্থানীয় হিসাবে থাকবে। নিউ ইয়র্কের বন্দরগুলো শুধু নিউ ইয়র্ক নয়, সমগ্র পূর্ব উপকূল বরাবর অফশোর বায়ু প্রকল্পের দীর্ঘমেয়াদী উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে পাশাপাশি COVID-19 থেকে পুনরুদ্ধারের সময়ে স্টেটে নতুন চাকরি এবং বিনিয়োগ তৈরিতে সহায়তা করবে। আজকের মাইলফলক গত তিন বছরে পুরস্কৃত বৃহৎ আকারের নবায়নযোগ্য প্রকল্পের জাতির নেতৃস্থানীয় পাইপলাইনের উপর গড়ে উঠেছে এবং আপস্টেট নিউ ইয়র্ক সম্প্রদায়ের জন্য অনেক প্রয়োজনীয় অর্থনৈতিক উন্নয়ন, পরিবেশগত ন্যায়বিচার উদ্বেগকে অগ্রাধিকার দেবে এবং গভর্নর কুওমোর জাতির নেতৃস্থানীয় জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি অর্জনের লক্ষ্যের কাছাকাছি নিয়ে যাবে।"

NYPA এর প্রেসিডেন্ট ও সিইও গিল সি. কুইনিওনস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কোণায় আরো বড় আকারের সৌর ও বায়ু প্রকল্পের উন্নয়ন ত্বরান্বিত করে একটি পরিচ্ছন্ন শক্তি অর্থনীতিতে রূপান্তরের নেতৃত্ব দিচ্ছে। এই বিনিয়োগ আমাদের পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তরের প্রথম সারিতে রাখে এবং নিউ ইয়র্কের মত সবসময়, আমরা এই উদ্যোগে নেতৃত্ব দিচ্ছি। 2040 সালের মধ্যে 100 শতাংশ কার্বন মুক্ত বিদ্যুৎ অর্জনের আমাদের জাতীয় নেতৃস্থানীয় লক্ষ্য অর্জন করতে হবে এবং জলবায়ু পরিবর্তনের ধ্বংসের বিরুদ্ধে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে হলে আমাদের এখনই কাজ করতে হবে। NYPA-এর আবেদনে ইউটিলিটি স্কেল নবায়নযোগ্য প্রকল্পের আহ্বান জানানো হয়েছে যা বার্ষিক 2 মিলিয়ন মেগাওয়াট বা তার বেশী উৎপাদন করবে। যখন এই প্রধান সৌর এবং বায়ু প্রকল্প, যার কয়েকটির মধ্যে সঞ্চয়ের বিকল্প আছে, অনলাইনে আসবে তখন আমরা নির্গমন হ্রাস করব, আমাদের প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য ব্যবহার করব, এবং আমাদের স্টেটের সকল অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে অন্যদের জন্য দৃষ্টান্ত স্থাপন করব।"

নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation) কমিশনার বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্ক জলবায়ু নিয়ে স্টেটের-নেতৃত্বাধীন পদক্ষেপের জন্য মানদণ্ড নির্ধারণ করছে। দেশকে নেতৃত্ব প্রদানকারী স্টেটের গ্রিনহাউস গ্যাসের নির্গমন হ্রাস ও দায়িত্বশীলভাবে নবায়নযোগ্য জ্বালানির উৎস বাড়ানোর লক্ষ্যে পৌঁছানোর জন্য নিউ ইয়র্ককে অবশ্যই আমাদের স্টেটের বায়ু ভিত্তিক জ্বালানির সক্ষমতা ব্যবহার করতে হবে। আজকের ঘোষণা এটা আবারও প্রমাণ করে যে, জলবায়ু এবং আমাদের চলমান পরিচ্ছন্ন জ্বালানি উদ্যোগে গভর্নর কুওমোর নেতৃত্বের মাধ্যমে নিউ ইয়র্ক আমাদের কমিউনিটিসমূহ এবং আমাদের অপ্রতিস্থাপনীয় প্রাকৃতিক সম্পদ রক্ষা করার পাশাপাশি জলবায়ুর ক্ষেত্রে কর্মরত জাতির প্রচেষ্টায় নিতৃত্ব দিচ্ছে।"

অফশোর উইন্ডএবং বন্দর অবকাঠামো

বন্দর অবকাঠামোতে স্থানীয় ও বেসরকারি বিনিয়োগের জন্য 200 মিলিয়ন মার্কিন ডলারের একটি সুযোগ সহ কমপক্ষে 1,000 মেগাওয়াট অফশোর বায়ু খুঁজতে, NYSERDA 400 মেগাওয়াট এবং 2,500 মেগাওয়াট পর্যন্ত অফশোর বায়ু দর গ্রহণ করবে। নিউ ইয়র্কবাসীদের একটি উল্লেখযোগ্য পরিমাণ পরিষ্কার, নবায়নযোগ্য শক্তি সরবরাহ ছাড়াও, এই সম্মিলিত আবেদন বন্দর অবকাঠামো বিনিয়োগের জন্য প্রস্তাব অনুরোধ করে, যা ব্যক্তিগত বিনিয়োগ আরো উৎসাহিত করা, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থনৈতিক সুবিধা এবং কর্মসংস্থান সৃষ্টি সর্বোচ্চ করার পাশাপাশি ভবিষ্যতে এই প্রযুক্তির জন্য খরচ কমানোএবং অফশোর বায়ু সরবরাহ সরবরাহ চেইনে নিউ ইয়র্ককে হাব হিসাবে প্রতিষ্ঠিত করার লক্ষ্য রাখে। এই ব্যাপক আবেদনের উল্লেখযোগ্য বিধানের মধ্যে রয়েছে:

- প্রচলিত মজুরী পরিশোধ, যা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার দ্বারা নির্ধারিত একটি মান, এবং যে কোন পুরস্কৃত সুবিধা নির্মাণের সাথে সংশ্লিষ্ট শ্রমিকদের জন্য প্রকল্প শ্রম চুক্তি ব্যবহারের জন্য ভাল আলোচনা করা এবং নিউ ইয়র্ক স্টেট সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং সেবা-মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগের জন্য সুযোগকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রাখা।

- পুরস্কার প্রাপ্তদের মূল্যায়নের জন্য একটি অর্থনৈতিক সুবিধা পরিকল্পনা প্রদান করতে বাধ্য করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে সংশ্লিষ্ট চাকরি, প্রকল্প ব্যয় এবং অবকাঠামো বিনিয়োগ উৎসাহিত করা, স্বাধীন নিরীক্ষা এবং এই দাবিগুলির বাস্তবায়ন যাচাইয়ের মাধ্যমে;
- রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের সাথে সামঞ্জস্য রেখে অনগ্রসর সম্প্রদায়ের সামগ্রিক কর্মসংস্থান সৃষ্টি এবং সুবিধা প্রদানে অবদান রাখার জন্য নিম্ন আয়ের আদমশুমারি এলাকা এবং এনভায়রনমেন্টাল জাস্টিস এলাকাকে অগ্রাধিকার দেওয়া;
- নকশা, সোর্সিং এবং নির্মাণ এবং উন্নত উপাদান ব্যবহারে প্রকল্পের কার্বন ফুট প্রিন্ট বিবেচনয় উৎসাহিত করার জন্য বাজারে একটি পরিষ্কার বাই-ক্লিন চাহিদা সংকেত পাঠানো; এবং
- নিউ ইয়র্কের অফশোর উইন্ড টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ এর জানানো নিউ ইয়র্কের অফশোর উইন্ড মাস্টার প্ল্যানে বর্ণীত প্রশমন পরিকল্পনা অনুযায়ী বাণিজ্যিক এবং বিনোদনমূলক মাছ ধরা এবং পরিবেশগত স্টেকহোল্ডারদের মত সমুদ্র ব্যবহারকারীদের স্বার্থের সক্রিয় মোকাবেলা করা।

অফশোর বায়ু শিল্পের কেন্দ্র হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে সমর্থন করার জন্য, NYSERDA, NY গ্রিন ব্যাংক, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের সহায়তায়, সকলেই রাজ্যের বন্দর অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ এবং উন্নয়নের জন্য এই সম্মিলিত আবেদনকে সমর্থন করবে। ব্যক্তিগত এবং সরকারি তহবিলের 400 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে রয়েছে:

- এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গ্রান্ট ফান্ডিং এ 100 মিলিয়ন মার্কিন ডলার,
- কম সুদের অর্থায়নে 100 মিলিয়ন মার্কিন ডলার,
- 1:1 পাবলিক/প্রাইভেট ম্যাচিং ফান্ডিং এর জন্য বেসরকারি খাতে 200 মিলিয়ন মার্কিন ডলার।

RFP নিউ ইয়র্কের অর্থনীতি পুনরায় চালু করতে সাহায্য করার জন্য দ্রুত চালু হওয়া প্রকল্পের জন্য তহবিলকে অগ্রাধিকার দেয় এবং এটি শিল্পে অতিরিক্ত বেসরকারি বিনিয়োগ চালিত করবে এবং সরাসরি অফশোর বায়ু প্রকল্পকে সমর্থন করবে। স্টেট অক্টোবর 2019 এ এই প্রক্রিয়ার প্রথম পর্যায় চালু করে, যখন এটি যোগ্যতার জন্য একটি অনুরোধ জারি করে যাতে প্রাক-যোগ্যতাসম্পন্ন 11 জন প্রস্তাবক একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য আবেদন করে, যার ফলে প্রস্তাবগুলো প্রকল্পের একটি অভূতপূর্ব সংখ্যার প্রতিনিধিত্ব করে, যা বাজারের আগ্রহ এবং সুযোগের একটি শক্তিশালী সূচক।

11টি প্রাক-যোগ্যতাসম্পন্ন সাইট লং আইল্যান্ড থেকে ক্যাপিটাল রিজিয়ন পর্যন্ত অবস্থিত। এই সাইটগুলি, এখন একটি অফশোর বায়ু প্রকল্প এবং দীর্ঘমেয়াদী শিল্পের জন্য সরাসরি ব্যবহারের জন্য

200 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অফশোর উইন্ড ডেভেলপারদের সাথে অংশীদার হতে যোগ্য, এদের বিভিন্ন সরবরাহ সাপ্লাই চেইন ব্যবহার যেমন স্টেজিং, ইনস্টলেশন, উত্পাদন এবং অপারেশন এবং রক্ষণাবেক্ষণ সমর্থন করার সামর্থ্য আছে।

এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development)-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা-মনোনীত এরিক গার্টলার বলেন, "সবুজ উদ্যোগে বিনিয়োগ একটি স্মার্ট কৌশল যেহেতু আমরা নিউ ইয়র্ক রাজ্যের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা এবং আগের চেয়ে ভালো ভাবে গড়ে তোলার উপর মনোযোগ প্রদান করছি। অফশোর বায়ু প্রযুক্তি নিশ্চিত করে যে আমাদের শক্তি সরবরাহ বৈচিত্র্যময় করা, একটি পরিষ্কার প্রাকৃতিক পরিবেশ উন্নীত করা এবং দীর্ঘমেয়াদী কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক উন্নয়নকে সমর্থন করে ভবিষ্যতের জন্য এম্পায়ার স্টেট ভাল অবস্থানে আছে।"

নিউইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক অভূতপূর্ব বিনিয়োগ চালিয়ে যাচ্ছে যাতে আমাদের গুরুত্বপূর্ণ পরিবহন অবকাঠামো স্টেটের দেশের নেতৃস্থানীয় নবায়নযোগ্য পরিচ্ছন্ন শক্তি এবং জলবায়ু লক্ষ্যমাত্রাকে সমর্থন করে। অফশোর বায়ু বিদ্যুৎ উৎপাদনের সমর্থনে বন্দর উন্নয়নের জন্য এই রেকর্ড পর্যায়ের বিনিয়োগ ভালো বেতনের সবুজ কর্মসংস্থান সৃষ্টিকে ত্বরান্বিত করবে এবং নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রতিযোগিতা বৃদ্ধি করবে।"

এই প্রতিযোগিতামূলক আবেদনের অধীনে, নিউ ইয়র্ক স্টেট নির্দিষ্ট ধরনের মূলধন অবকাঠামো সম্পদ যেমন শক্তিশালী সাব-সারফেস বা নতুন উপকূলরেখা সুরক্ষা কাঠামো, অফশোর বায়ু শিল্পের জন্য বন্দর অবকাঠামো উন্নয়নের জন্য অনুকূলিত করার জন্য তহবিল সহায়তা প্রদান করছে। এই আবেদন রাষ্ট্রের প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য ব্যক্তিগত তহবিলে 1:1 ম্যাচিং চাইবে।

তহবিল দুটি বিভাগে প্রস্তাব করা হবে:

1. অনুদান তহবিল: জটিল প্রকল্পের মাইলফলক পূরণের সাথে সাথে 100 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান পরিশোধের ভিত্তিতে ইস্যু করা হবে।
2. ঋণ অর্থায়ন: জটিল প্রকল্পের মাইলফলক পূরণ হিসাবে সিনিয়র-সুরক্ষিত ঋণ অর্থায়ন 100 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ইস্যু করা হবে।

এই সম্মিলিত অফশোর বায়ু এবং বন্দর আবেদনের জন্য দরপত্র আহ্বান করা হবে 20 অক্টোবর, 2020 তারিখে, এবং পুরস্কার এবং চুক্তি যথাক্রমে 2020 সালের চতুর্থভাগে কার্যকর করা হবে বলে আশা করা হচ্ছে।

NYSERDA বড় মাপের নবায়নযোগ্য আবেদন

NYSERDA এর আবেদনে টিয়ার-1 যোগ্য নবায়নযোগ্য শক্তি প্রকল্পের উন্নয়নের আহ্বান জানানো হয়েছে যা বার্ষিক 1.6 মিলিয়ন মেগাওয়াট বা তার বেশী উৎপাদন করবে। যোগ্য প্রকল্পের মধ্যে

রয়েছে যে কোন প্রকল্প যা টিয়ার 1 নবায়নযোগ্য প্রযুক্তি হিসেবে প্রত্যয়িত করা যাবে এবং 1 জানুয়ারি 2015 এর পর অপারেশনে প্রবেশ করেছে এবং 30 নভেম্বর 2022 এর মধ্যে বাণিজ্যিক অপারেশনে প্রবেশ করবে এবং যার 30 নভেম্বর, 2025 পর্যন্ত বৃদ্ধির সুযোগ থাকবে। ভূমি ভিত্তিক প্রকল্পগুলো হবে গ্রাউন্ডব্রেকিং আইনের অধীনে নির্মাণের মধ্যে দ্রুততম নির্মাণ, যার লক্ষ্য হচ্ছে এ বছরের বাজেটে পাশ হওয়া নবায়নযোগ্য জ্বালানী সাইট ত্বরান্বিত করা। আশা করা হচ্ছে 2021 সালের শুরুতে NYSERDA পুরস্কৃত ডেভেলপারদের অবহিত করবে।

প্রথমবারের মত, NYSERDA প্রস্তাবকারীদের উদ্ভাবনী সূচক REC চুক্তি কাঠামো ব্যবহার করার অনুমতি দেবে যাতে পরিচ্ছন্ন জ্বালানী ডেভেলপারদের তাদের অর্থায়ন এবং কার্যকরী চাহিদার সাথে খাপ খাইয়ে নিতে আরো নমনীয়তা প্রদান করা যায়, একই সাথে যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীরা প্রকল্প উন্নয়নের কম খরচ এবং আরো অনুমানযোগ্য জ্বালানী বিল থেকে উপকৃত হবে।

অফশোর বায়ুর মত, আবেদনটি নকশা, সোর্সিং এবং নির্মাণে প্রকল্পের কার্বন ফুট প্রিন্ট বিবেচনায় উৎসাহিত করার জন্য বাজারে একটি পরিষ্কার বাই-ক্লিন চাহিদা সংকেত পাঠায়, জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের সাথে সামঞ্জস্য রেখে অনগ্রসর সম্প্রদায়ের সামগ্রিক কর্মসংস্থান সৃষ্টি এবং সুবিধা প্রদানে অবদান রাখার জন্য নিম্ন আয়ের আদমশুমারি এলাকা এবং এনভায়রনমেন্টাল জাস্টিস এলাকাকে অগ্রাধিকার দেয়।

নবায়নযোগ্য জ্বালানী প্রকল্পের সফল উন্নয়নের জন্য কমিউনিটি এনগেজমেন্ট এবং অন-দ্য-গ্রাউন্ড সমর্থন অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং আজ প্রকাশিত আবেদনের মধ্যে রয়েছে কার্যকর সম্প্রদায়ের প্রসার এবং পরিকল্পনার জন্য গুরুত্বপূর্ণ মান এবং প্রয়োজনীয়তা।

এই আবেদনের মধ্যে উল্লেখযোগ্য বিধানগুলির মধ্যে রয়েছে কিন্তু সীমাবদ্ধ নয়:

- যে কোন পুরস্কৃত সুবিধা নির্মাণের সাথে সংশ্লিষ্ট শ্রমিকদের প্রযোজ্য প্রচলিত মজুরী প্রদান করতে হবে, এটা নিশ্চিত করতে হবে যে এই প্রকল্পের ফলে নিউ ইয়র্কবাসীদের জন্য গুণগত মান, ভালো বেতনের চাকরি হবে;
- নিউ ইয়র্কের মূল্যবান কৃষি ও পরিবেশগত সম্পদ সংরক্ষণ এবং রক্ষা করা যাতে প্রস্তাবকরা সাইট-নির্দিষ্ট প্রভাব মোকাবেলা করার জন্য শক্তিশালী অনুমতি পরিকল্পনা জমা দিতে পারে এবং প্রকল্প পরিকল্পনা এবং উন্নয়ন প্রক্রিয়ার অংশ হিসেবে সকল রাষ্ট্রীয় অগ্রাধিকারের হিসাব করা হয়;
- ডেভেলপারদের অর্থনৈতিক সুবিধা প্রস্তাব করতে উৎসাহিত করার মাধ্যমে প্রকল্প আয়োজক সম্প্রদায়ের প্রায়-মেয়াদী অর্থনৈতিক পুনরুদ্ধার কার্যক্রমকে উৎসাহিত করা যা অবিলম্বে শুরু হতে পারে;
- যে সব সম্প্রদায় সফলভাবে পুরস্কৃত প্রকল্পের আয়োজন করবে তারা উন্নয়ন প্রক্রিয়ার সাথে সম্পূর্ণভাবে জড়িত, এবং প্রস্তাবকারীরা ঘন ঘন এবং সক্রিয়ভাবে সম্প্রদায়ের সম্পৃক্ততার প্রতি অঙ্গীকার প্রদর্শন করে তা নিশ্চিত করা; এবং

- এমন প্রস্তাবকে উৎসাহিত করা যা উন্নত শক্তি সঞ্চয় প্রযুক্তির সাথে নবায়নযোগ্য শক্তির সমন্বয় করে যাতে 2030 সালের মধ্যে গভর্নর কুয়োমোর 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয়ের প্রতিশ্রুতি পূরণে সাহায্য করা যায়, যা 2025 সাল নাগাদ 1,500 মেগাওয়টে বৃদ্ধির লক্ষ্যমাত্রার চেয়ে বেশি।

সৌর শক্তি প্রকল্পের জন্য কৃষি ও বাজার বিভাগের নির্দেশিকা এবং রাষ্ট্রের নতুন সাইটিং প্রক্রিয়ার অংশ হিসেবে সকল প্রযোজ্য নিয়মকানুন মেনে চলার পাশাপাশি, প্রধান কৃষি মাটির কিছু শ্রেণীকে প্রভাবিত করে এমন প্রকল্প গুলি একটি নির্দিষ্ট প্রশমন তহবিলে পেমেন্টের জন্য দায়ী হতে পারে, যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্ক পরিচ্ছন্ন শক্তিত ত্বরান্বিত লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি স্টেটের মূল্যবান প্রাকৃতিক সম্পদ এবং কার্যকর ভূমি রক্ষা করতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড বল বলেন, "নিউ ইয়র্কের কৃষকরা মূল পরিবেশবাদী-তারা আমাদের জমি এবং পানি রক্ষা এবং আমাদের রাজ্য এবং দেশ জুড়ে এই প্রাকৃতিক সম্পদ রক্ষায় নিবেদিত। আমি আনন্দিত যে আজ ঘোষিত নবায়নযোগ্য জ্বালানী আবেদনের মধ্যে কৃষি প্রশমনের অর্থ প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে, যা নিউ ইয়র্ক স্টেটকে আমাদের পরিচ্ছন্ন জ্বালানী অর্থনীতিতে নেতৃত্ব দিতে সাহায্য করবে, একই সাথে প্রধান মাটি এবং কৃষিজমি সংরক্ষণ নিশ্চিত করবে যাতে আমাদের কৃষকরা আমাদের কমিউনিটির জন্য পুষ্টিকর খাদ্য উৎপাদনের তাদের গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তরের কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "গভর্নর কুওমোর প্রগতিশীল নবায়নযোগ্য শক্তি নীতিমালা এবং উদ্ভাবনের প্রতিশ্রুতি ক্লিন এনার্জি খাতকে চাকরি ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য একটি ইঞ্জিন বানিয়েছে। সবুজ অবকাঠামোর মাধ্যমে তৈরি চাকরিগুলো তাদের সদস্য এবং সকল নিউ ইয়র্কের অধিবাসিদের জন্য বর্তমান বেতন তৈরিতে এবং মানসম্পন্ন পেশা তৈরি করতে শ্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।"

NYPA বড় মাপের নবায়নযোগ্য আবেদন

NYPA-এর আবেদনে ইউটিলিটি স্কেল নবায়নযোগ্য প্রকল্পের উন্নয়নের আহ্বান জানানো হয়েছে যা বার্ষিক 2 মিলিয়ন মেগাওয়াট-আওয়ার বা তার বেশী উৎপাদন করবে। যোগ্য প্রযুক্তির মধ্যে রয়েছে সৌর ফটোভোল্টাইক এবং বায়ু এবং শক্তি সঞ্চয়ের সাথে সমন্বয় করার একটি বিকল্প অন্তর্ভুক্ত থাকতে পারে।

প্রকল্পগুলোকে নিউ ইয়র্ক স্টেটের সাথে সংযুক্ত করতে হবে এবং একটি প্রজন্মের 20-25 মেগাওয়াট বা 100 মেগাওয়াট বা তার বেশি উৎপাদন ক্ষমতা থাকতে হবে। 2 মিলিয়ন মেগাওয়াট-আওয়ার লক্ষ্য এক বা একাধিক প্রকল্প দ্বারা পূরণ হতে পারে। প্রস্তাবিত চুক্তিগুলি হবে একটি বান্ডিল পণ্যের জন্য যাতে শক্তি, ক্ষমতা এবং REC অন্তর্ভুক্ত হবে। নির্বাচিত প্রকল্পগুলো 2021 থেকে 2024 সালের মধ্যে অনলাইনে আসবে বলে আশা করা হচ্ছে এবং 2020 সালের মধ্যে বিজয়ী নিলামকারীদের ঘোষণা করা হবে।

প্রতিটি কর্তৃপক্ষ কর্তৃপক্ষের সংশ্লিষ্ট RFP তে বর্ণিত নির্দিষ্ট মানদণ্ড অনুযায়ী বিধানগুলি মূল্যায়ন করবে।

এই ঘোষণায় নবায়নযোগ্য জ্বালানী ডেভেলপারদের জন্য আবেদনের একটি অনুমানযোগ্য গতি প্রদান করা হয়েছে এবং রাজ্য জুড়ে পরিচ্ছন্ন শক্তি প্রকল্পে অব্যাহত উন্নয়ন এবং বিনিয়োগকে সমর্থন করবে। NYPA এবং NYSERDA তাদের নিজ নিজ আবেদনের জন্য নির্বাচনের সময় এবং পুরস্কার প্রদানের সময়ের সমন্বয় সাধন করবে।

দুটি বড় মাপের আবেদনের প্রস্তাবকারীরা প্রথমবারের মতো তাদের প্রকল্পের অপারেশন চালুর অংশ হিসাবে নতুন নবায়নযোগ্য জ্বালানী দপ্তর থেকে পারমিট নিতে সক্ষম হবে। নতুন আইন অনুযায়ী, 25 মেগাওয়াটের চেয়ে বড়, নবায়নযোগ্য শক্তি প্রকল্পকে নতুন নির্মাণ বা সম্প্রসারণের জন্য সাইটিং অফিসের মাধ্যমে অনুমতি নিতে হবে। 20 থেকে 25 মেগাওয়াটের মধ্যে আকারের নতুন প্রকল্পও অপ্ট ইন করতে সক্ষম হবে। রাজ্যের সাইটিং বোর্ডের মাধ্যমে বর্তমান আর্টিকেল 10 এর প্রাথমিক পর্যায়ে ইতোমধ্যে থাকা প্রকল্পগুলি আর্টিকেল 10 এ থাকতে পারে অথবা নতুন সাইটিং প্রক্রিয়ায় অংশ নিতে পারে।

বড় মাপের নবায়নযোগ্য আবেদন সম্পর্কে আরও জানতে, অনুগ্রহ করে সাইটিং এর ওয়েবসাইট বা NYSERDA এর ওয়েবসাইট ভিজিট করুন। NYPA-এর জমা দেওয়ার কথা 14 সেপ্টেম্বর এবং NYSERDA এর 27 আগস্টের মধ্যে জমা দেওয়ার কথা।

বিল্ড-রেডি সাইট মনোনয়ন RFI
NYSERDA আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্থানীয় সম্প্রদায়ের সাথে বড় মাপের নবায়নযোগ্য জ্বালানী প্রকল্প উন্নয়নের সম্ভাব্য সাইটগুলো বিবেচনা করার জন্য একটি অনুরোধ জারি করেছে যা "বিল্ড রেডি" প্রকল্প যা স্টেটের নতুন সাইটিং আইন অনুযায়ী ক্লিন এনার্জি রিসোর্স ডেভেলপমেন্ট অ্যান্ড ইনসেনটিভস প্রোগ্রামের বাস্তবায়ন ত্বরান্বিত করতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

এই RFI এর অধীনে, NYSERDA সক্রিয়ভাবে নির্বাচিত কর্মকর্তা, স্থানীয় সম্প্রদায়ের সদস্য, ব্যক্তিগত কোম্পানি, এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটি বা অন্যান্য আগ্রহী দলের কাছ থেকে সম্ভাব্য বিল্ড-রেডি সাইটের বিবেচনার জন্য মনোনয়ন চাইছে। NYSERDA সুপ্ত বৈদ্যুতিক উৎপাদন সাইট, প্রাক্তন শিল্প সাইট, বিদ্যমান বা পরিত্যক্ত বাণিজ্যিক সাইট, ব্রাউনফিল্ড এবং ল্যান্ডফিল, 65 একর বা বড় এবং সমতল বা আস্তে আস্তে ঢালু ভূমি আছে এমন সাইটকে অগ্রাধিকার দিবে। প্রস্তাবিত সাইটগুলি পরিবেশগত সাইটের অবস্থা, বৈদ্যুতিক গ্রিডের সাথে সংযোগ করার ক্ষমতা, এবং সাইটটি একটি বৃহৎ মাপের নবায়নযোগ্য শক্তি প্রকল্প আয়োজনের জন্য কাঠামোগতভাবে উপযুক্ত কিনা তার উপর ভিত্তি করে মূল্যায়ন করা হবে। 21 জুলাই, 2020 থেকে 20 জুলাই, 2021 সাল পর্যন্ত NYSERDA কর্তৃক রোলিং ভিত্তিতে মনোনয়ন গ্রহণ করা হবে এবং এখানে জমা দেওয়া যাবে।

মনোনয়নপ্রাপ্ত সাইটগুলো উন্নয়ন সম্ভাবনার জন্য NYSERDA দ্বারা মূল্যায়ন এবং বিশ্লেষণ করা হবে। নির্বাচিত সাইটের জন্য, NYSERDA অনুমতি এবং নকশার মাধ্যমে প্রকল্প অগ্রসর করবে,

পরিশেষে এই সাইটে একটি নবায়নযোগ্য শক্তি প্রকল্প নির্মাণ এবং পরিচালনার জন্য বাণিজ্যিক ডেভেলপারদের কাছে নবায়নযোগ্য শক্তি ঋণ চুক্তির সাথে এই ঝুঁকি-অপসারিত বিল্ড-রেডি সাইটগুলি বান্ডেল আকারে মাধ্যমে নিলাম করা হবে।

এই প্রোগ্রামের অধীনে, যেসব বাণিজ্যিক ডেভেলপারদের বিল্ড-রেডি সাইট বান্ডেল পুরস্কৃত করা হবে, তাদের বৃহৎ আকারের ভূমি ভিত্তিক আবেদনের সাথে সামঞ্জস্যপূর্ণ বিদ্যমান মজুরী বিধান মেনে চলতে হবে। উপরন্তু, NYSERDA কমিউনিটি এনগেজমেন্ট এবং বেনিফিট, যেমন কর্মী উন্নয়ন প্রোগ্রাম বা ইউটিলিটি বিল ডিসকাউন্ট, পরিবেশগত ন্যায়বিচার এবং অনগ্রসর সম্প্রদায়ের চাহিদার উপর মনোযোগ প্রদান করবে।

বিল্ড-রেডি প্রোগ্রাম এবং এই RFI নিয়ে আলোচনার জন্য 4 আগস্ট, 2020 বিকাল 3টা থেকে বিকাল 4টা পর্যন্ত একটি তথ্যমূলক ওয়েবিনার আয়োজন করা হবে। আগ্রহী স্টেকহোল্ডাররা এখানে ওয়েবিনারের জন্য সাইন আপ করতে পারেন।

আজকের ঘোষণাটি চূড়ান্ত প্রণীত রাষ্ট্রীয় বাজেটের অংশ হিসেবে পাশ হওয়া নবায়নযোগ্য জ্বালানী প্রবৃদ্ধি এবং কমিউনিটি বেনিফিট অ্যাক্টের উপর নির্মিত হয়েছে, যা রাজ্য জুড়ে নবায়নযোগ্য জ্বালানী উন্নয়নের গতি ত্বরান্বিত করতে এবং বাল্ক এবং স্থানীয় ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন অবকাঠামো নির্মাণের পরিকল্পনা ত্বরান্বিত করতে সাহায্য করবে। এই আইনের আওতায় বড় আকারের অফশোর নবায়নযোগ্য জ্বালানী প্রকল্পের পরিবেশগত দায়িত্বশীল ও ব্যয়-কার্যকর সাইটিং উন্নয়ন করতে দেশে প্রথমবারের মত একটি নতুন অফিস নবায়নযোগ্য শক্তি সাইটিং অফিস তৈরি করা হবে এবংএর পাশাপাশি স্থানীয় কমিউনিটির জন্য উল্লেখযোগ্য সুবিধা দেওয়া হবে। এছাড়াও এর মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ বিধান যা পাওয়ার গ্রিডে প্রয়োজনীয় উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে আপস্টেট এবং ডাউনস্টেট নিউ ইয়র্কবাসীদের জন্য পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহের পথ প্রশস্ত করতে সাহায্য করবে।

আজ চালু হওয়া তিনটি আবেদনের প্রতিটির জন্য, সকল প্রস্তাবককে, রাজ্যের NY ফরওয়ার্ড এর অংশ হিসেবে এবং নির্বাহী আদেশ অনুযায়ী, COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্মাণ কাজের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা অনুসরণ করতে হবে, এবং একই সাথে ESD এর তৈরি NY ফরওয়ার্ড এবং ব্যবসা পুনরায় খোলার অন্তর্ভুক্ত প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন অংশে দেওয়া তথ্য মেনে চলতে হবে।

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটির (Environmental Conservation Committee) সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "অফশোর বায়ু একটি পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং COVID-19 এর বিধ্বংসী অর্থনৈতিক প্রভাব থেকে আমাদের রাজ্যকে সরিয়ে নেওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের এই ঘোষণা জীবাশ্ম জ্বালানির উপর আমাদের স্টেটের নির্ভরশীলতা কমানোর জন্য একটি উত্তেজনাপূর্ণ ও প্রয়োজনীয় পদক্ষেপ এবং আমার জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টে (Climate Leadership and Community Protection Act, CLCPA) নির্ধারিত সবুজ শক্তি লক্ষ্যগুলো এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে। যখন আমরা মহামারী দ্বারা সৃষ্ট অর্থনৈতিক মন্দা থেকে বেরিয়ে আসছি, তখন আমি গভর্নর কুওমো এবং

ডোরিন হ্যারিসের কাছে কৃতজ্ঞ যে নিউ ইয়র্কের অর্থনীতির পুনরুজ্জীবন নবায়নযোগ্য শক্তির অগ্রগতি দিয়ে শুরু হবে।"

সেনেটর কেভিন পার্কার বলেন, "এক বছর আগে, আইনসভায় আমার সহকর্মী এবং গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক জাতির সবচেয়ে আগ্রাসী নবায়নযোগ্য শক্তি এবং জলবায়ু আইন পাস করেছে -- জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি প্রোটেকশন আইন। আজ, নিউ ইয়র্ক আরেকটি বিশাল পদক্ষেপ নিচ্ছে যাতে আমরা পরিষ্কার জ্বালানী উন্নয়ন শুরু করতে পারি যা শুধুমাত্র একটি পরিষ্কার পরিবেশ তৈরি করতে সাহায্য করবে না, এটি সারা রাজ্য জুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করবে। যখন আমরা COVID-19 মহামারীর ভয়াবহ প্রভাব থেকে পুনরুদ্ধারের চেষ্টা করছি, তখন পরিচ্ছন্ন শক্তিকে আমাদের রাষ্ট্রের জন্য অগ্রাধিকার এবং বাস্তবতায় পরিণত করা অব্যাহত রাখার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

বিধান সভার সদস্য মাইকেল কিউসিক বলেছেন, "আজকের ঘোষণা নিউ ইয়র্কের জনগণের জন্য অবিশ্বাস্য ভাবে উত্তেজনাকর যারা বুঝতে পারে যে এখানে একটি অফশোর বায়ু শিল্পের সৃষ্টি জ্বালানী স্বাধীনতা এবং নির্ভরযোগ্যতা সুরক্ষিত করতে সাহায্য করবে। বিশেষ করে বর্তমান অর্থনৈতিক আবহাওয়ায়, এই আবেদন বাণিজ্যিক এবং আবাসিক শক্তি ভোক্তা, চাকরি প্রার্থী এবং বিনিয়োগকারীদের জন্য নিউ ইয়র্কের আর্থিক দৃষ্টিভঙ্গির উপর আস্থা গড়ে তুলতে সাহায্য করবে। আমি ক্রমবর্ধমান পরিচ্ছন্ন জ্বালানী খাতে বিশ্ব নেতা হিসেবে নিউ ইয়র্কের অবস্থান নিশ্চিত করতে সরকার এবং বেসরকারি খাতে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যেতে উদগ্রীব।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি গ্রিন হাউস গ্যাস নির্গমন কমানোর লক্ষ্যে এই নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের জন্য যাতে নিউ ইয়র্কবাসীরা জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব থেকে রক্ষা পেতে পারে। এই অন্ধকার এবং বিপর্যস্ত সময়ে আমাদের একটি ইতিবাচক দিক এবং আশাবাদের প্রয়োজন এবং গভর্নর পরিবেশ রক্ষার জন্য এই সব উদ্যোগের মাধ্যমে তা প্রস্তাব করছেন। তিনি গত বছর জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি প্রোটেকশন আইন পাশ করার সময় আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা পালন করছেন।"

নিউ ইয়র্ক স্টেটের জাতির-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

গভর্নর কুওমোর জাতির-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনাটি জাতির সবচেয়ে আগ্রাসী জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুবিন্যস্ত এবং সঠিকভাবে পরিচ্ছন্ন শক্তিতে পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং একটি সবুজ অর্থনীতির লালন-পালন অব্যাহত রাখবে, COVID মহামারী থেকে আরোগ্য লাভ করার সাথে নিউ ইয়র্ক রাজ্যের আরও ভাল পুনর্গঠন করার পাশাপাশি। জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায়ের সুরক্ষা আইনের মাধ্যমে আইনে সংরক্ষিত, নিউ ইয়র্ক ইতিমধ্যে অর্থনীতি জুড়ে কার্বন নিরপেক্ষতার লক্ষ্যে পৌঁছাতে এবং 2040 সালের মধ্যে একটি শূন্য-কার্বন নির্গমন বৈদ্যুতিক খাত অর্জন করার পথে, যা অন্য যে কোন রাজ্যের চেয়ে দ্রুতগামী। এটি পরিচ্ছন্ন এনার্জি খাতে নিউ ইয়র্কের অভূতপূর্ব উন্নয়নসহ রাজ্য জুড়ে 67টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 3.9 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের উপর গড়ে তুলছে, নিউ ইয়র্কের পরিচ্ছন্ন এনার্জিং খাতে সৃষ্ট 150,000 এর বেশি কর্মসংস্থান, যা 2024 সালের মধ্যে অফশোর বায়ু

থেকে প্রায় 1,800 মেগাওয়াট উৎপাদনের প্রতিশ্রুতি এবং বন্টনযোগ্য সৌর খাতে 2011 সাল থেকে শতকরা 1,800 শতাংশ প্রবৃদ্ধির ভিত্তির উপর প্রতিষ্ঠিত।

নিউ ইয়র্কের জলবায়ু অ্যাকশন কাউন্সিল (Climate Action Council) এই অগ্রগতির বৃদ্ধি করতে এবং 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রিনহাউস গ্যাসের নির্গমন 85 শতাংশ কমানোর জন্য একটি পরিসর সংক্রান্ত পরিকল্পনা তৈরি করছে, এটি নিশ্চিত করে যাতে কমপক্ষে পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশ সুবিধাবলী ক্ষতিগ্রস্থ সম্প্রদায়গুলিকে সুবিধা প্রদান করে এবং 2025 সালের মধ্যে শক্তি খরচ 185 TBtus কমানোর লক্ষ্যমাত্রার দিকে এগিয়ে যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন